দৈনিক সংবাদ

তারিখ 28 MAR 1994
পৃষ্ঠা ৬ কলাম ২

137

# শিক্ষামন্ত্রী প্রতিশ্রুতি রক্ষা না করায় ৫ই এপ্রিল শিক্ষকদের কর্মবিরতি

গত ডিগ্রী পরীক্ষা চলাকালে পরীক্ষার্থীর ছুরিকাঘাতে নিহত সুনামগঞ্জ সরকারী কলেজের শিক্ষক জয়ন্ত কুমার দে'র পরিবারকে শিক্ষামন্ত্রী কর্তৃক প্রতিশ্রুত ক্ষতিপূরণ না দেয়ায় সাধারণ শিক্ষা ক্যাডারের শিক্ষকগণ আগামী ৫ই এপ্রিল সারাদেশে পূর্ণ দিবস কর্মবিরতি পালন করবেন। এছাড়াও ২৪শে এপ্রিলের মধ্যে প্রবীণতা ও পদোন্নতির ক্ষেত্রে বৈষম্য দূরীকরণ, শিক্ষকদের প্রাপ্তিযোগ্য স্কেল প্রদান, শিক্ষা বিভাগে নিয়োজিত বিশেষ ক্যাডারের অশিক্ষক কর্মকর্তাগণকে প্রত্যাহারসহ ১৬-দফা অনাদায়ে ২৫শে এপ্রিল প্রতিটি কলেজ ইউনিটে বিক্ষোভ সমাবেশ ও গণযোগাযোগ, ৩রা মে আঞ্চলিক পর্যায়ে বিক্ষোভ সমাবেশ ও সাংবাদিক সম্মেলন, ৬, ৭ ও ৮ই জুন তিনদিন দেশব্যাপী প্রতীক কর্মবিরতি এবং ১০ই জুন ঢাকায় কেন্দ্রীয় বিক্ষোভ সমাবেশ ও সর্বাত্মক আন্দোলনের কর্মসূচী ঘোষণা করা হবে।

গত ২৬শে মার্চ টিচার্স ট্রেনিং কলেজে সমিতির সভাপতি ডঃ কিউ এ,টি,এম হাবিবুর রহমানের সভাপতিত্বে বিসিএস সাধারণ শিক্ষা সমিতির কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির বর্ধিত সভায় উল্লেখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় স্থগিত পদোন্নতি পুনরায় চালু করায় কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং অনিয়মিত, অপ্রত্যাশিত ও নিবর্তন-মূলক বদলি বন্ধের জন্যে জোর দাবি জানানো হয়। দেশের সমস্ত অঞ্চল থেকে তিন শতাধিক শিক্ষক প্রতিনিধি সভায় উপস্থিত ছিলেন। খবর সংবাদ বিজ্ঞপ্তির।